

জেলা

বগুড়া জিলা স্কুল কেন্দ্ৰে ৮৮৩ শিক্ষার্থীৰ সংশোধিত ফলাফল প্ৰকাশেৰ নিৰ্দেশ

নিজস্ব প্ৰতিবেদক বগুড়া

প্ৰকাশ: ১২ জুলাই ২০২৫, ২২: ০৮



বগুড়া জিলা স্কুল ফাইল ছবি

বগুড়া জিলা স্কুল কেন্দ্ৰে এসএসসি পৰীক্ষা দেওয়া ৮৮৩ শিক্ষার্থীৰ ফলাফল সংশোধনেৰ নিৰ্দেশ দেওয়া হয়েছে। কেন্দ্ৰ কৰ্তৃপক্ষ ভুলক্ৰমে ‘ক্যারিয়ার শিক্ষা’ বিষয়ে ব্যবহারিক পৰীক্ষায় ৫০ নম্বৰেৰ বদলে ২৫ নম্বৰেৰ ভিত্তিতে মূল্যায়ন কৰে শিক্ষা বোর্ডে ফলাফল পাঠিয়েছিল। পৰে কেন্দ্ৰসচিবৰ আবেদনেৰ পৰিপ্ৰেক্ষিতে রাজশাহী শিক্ষা বোর্ডেৰ পৰীক্ষা নিয়ন্ত্ৰক মো. আৰিফুল ইসলাম স্বাক্ষৰিত এক চিঠিতে শনিবাৰ ওই শিক্ষার্থীদেৰ ফলাফল সংশোধনেৰ নিৰ্দেশনা দেওয়া হয়।

রাজশাহী শিক্ষা বোর্ডের সিনিয়র সিস্টেম অ্যানালিস্টের কাছে পাঠানো চিঠিতে উল্লেখ করা হয়, বগুড়া জিলা স্কুল কেন্দ্রের সব পরীক্ষার্থীর ক্যারিয়ার শিক্ষা বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় নির্ধারিত নম্বর ৫০-এর স্থলে ভুলবশত ২৫ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করে পাঠানো হয়েছে বলে কেন্দ্রসচিব লিখিতভাবে জানিয়েছেন। ওই কেন্দ্রের সব পরীক্ষার্থীর ক্যারিয়ার শিক্ষা বিষয়ের ব্যবহারিক নম্বর ২৫-এর স্থলে ৫০ সন্নিবেশিত করে সংশোধিত ফলাফল প্রকাশের অনুরোধ জানানো হয়েছে। এমতাবস্থায় বগুড়া জিলা স্কুলের পরীক্ষার্থীদের ক্যারিয়ার শিক্ষা বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ২৫-এর স্থলে ৫০ সন্নিবেশ করে ফলাফল সংশোধনপূর্বক প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

গত বৃহস্পতিবার এসএসসির ফলাফল প্রকাশের পর ‘ক্যারিয়ার শিক্ষা’ বিষয়ে কম নম্বর পাওয়ার বিষয়টি নজরে আসে ভুক্তভোগী শিক্ষার্থী ও অভিভাবকদের। এরপর তাঁরা জিলা স্কুল প্রাঙ্গণে বিক্ষোভ করেন। একপর্যায়ে বিক্ষুব্ধ শিক্ষার্থী ও অভিভাবকদের তোপের মুখে পড়েন জিলা স্কুলের শিক্ষকেরা। এ সময় উত্তেজিত অভিভাবকদের হাতে কয়েকজন শিক্ষক লাঞ্চিত হন। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

খোঁজ নিয়ে জানা গেছে, এবারের এসএসসি পরীক্ষায় জিলা স্কুল কেন্দ্র থেকে বগুড়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়সহ শহরের মোট আটটি বিদ্যালয়ের ৮৮৩ জন শিক্ষার্থী অংশ নেয়। এসব শিক্ষার্থীর ‘ক্যারিয়ার শিক্ষা’ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা ৫০ নম্বরের ভিত্তিতে মূল্যায়নের কথা থাকলেও জিলা স্কুল কেন্দ্র কর্তৃপক্ষ ভুলক্রমে ২৫ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করে ফলাফল শিক্ষা বোর্ডে পাঠায়। এতে অন্য বিষয়ে ৯০ থেকে ৯৮ নম্বর পেলেও ‘ক্যারিয়ার শিক্ষা’ বিষয়ে অনেক শিক্ষার্থী ৬০-এর নিচে নম্বর পেয়েছে। ফলে প্রত্যাশিত ফল পায়নি শিক্ষার্থীরা।

জিলা স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও কেন্দ্রসচিব সেলিমা নাসরিন বলেন, কারিগরি ত্রুটির কারণে অনাকাঙ্ক্ষিত এই ভুলের ঘটনা ঘটেছে। ক্যারিয়ার শিক্ষা বিষয়ে ২৫-এর বদলে ৫০ নম্বর সন্নিবেশিত করে সংশোধিত ফলাফল প্রকাশের জন্য শিক্ষা বোর্ডে লিখিত আবেদন করা হয়েছে। শিগগির ভুক্তভোগী শিক্ষার্থীদের সংশোধিত ফল প্রকাশ করা হবে বলে তিনি শিক্ষার্থীদের আশ্বস্ত করেন।

